# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬৭

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَيْهَا وَهِيَ تَخْتَمِرُ فَقَالَ: «لِيَّةً لَا لِيَّتينِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৩৬৭-[৬৪] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে এলেন। সে সময় তিনি (উম্মু সালামাহ্) ওড়না পরিহিতা অবস্থায় ছিলেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ কাপড় দ্বারা এক প্যাঁচই যথেষ্ট, দু' প্যাঁচ দেয়ার প্রয়োজন নেই। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৪১১৫, য'ঈফুল জামি' ৪৯৬৩, আল জামি'উস্ সগীর ১০৪২৮, মুসান্নাফ 'আবদুর রায্যাক ৫০৫০, আহমাদ ২৬৫২২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে, "ওয়াহ্হব মাওলা আবী আহমাদ" নামের বর্ণনাকারী যার পরিচয় পাওয়া যায় না। তাহক্বীক মুসনাদে আহমাদ- শু'আয়ব আরনাউত্বব : ২৬৫৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসে ব্যবহৃত (تَخْتَمِرُ) 'তাখতামির' শব্দটি 'ইখতিমার' শব্দমূল থেকে এসেছে। ইখতিমার এসেছে 'খিমার' শব্দ থেকে। 'খিমার' বলা হয় ঐ কাপড়কে যা দ্বারা মাথা ও চেহারা ঢেকে রাখা হয়। মদকে আরবীতে খামর বলা হয় এজন্যই যে, এটি পান করলে মানুষের জ্ঞান-বুদ্ধি লোপ পায়, ঢেকে যায়। অন্যান্য হাদীসে তাখমীরুল ইনা-ই এসেছে যার অর্থ পাত্র ঢেকে রাখা। উম্মু সালামাহ্ (রাঃ) খিমারটি তার মাথায় দুইবার প্যাঁচ দিয়ে রেখেছিলেন। তাই দেখে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দুইবার প্যাচ দিতে নিষেধ

করেছেন। কারণ দুইবার প্যাঁচ দিলে পুরুষের পাগড়ীর সাথে সাদৃশ্য হয়ে যায়। (‘আওনুল মা‘বূদ ৭ম খন্ড, হাঃ ৪১১১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75091

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন